অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 2/23/2022 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল 400 বছরের আফ্রিকান-আমেরিকান ইতিহাস কমিশনের নিয়োগ ঘোষণা করলেন

গভর্নর অরেঞ্জ কাউন্টির লিঞ্চিংয়ের শিকার রবার্ট মুলিনার এবং রবার্ট লুইসের জন্য ফলক উৎসর্গ করলেন

গভর্নর ক্যাথি হোকল আজকে 400 বছরের আফ্রিকান-আমেরিকান ইতিহাস কমিশনের (400 Years of African-American History Commission) নিয়োগ ঘোষণা করলেন, যা আমাদের দেশ এবং নিউ ইয়র্ক স্টেটে আফ্রিকান এবং আফ্রিকান-আমেরিকানদের অবদানকে তুলে ধরে। গভর্নর ঘোষণাটি করেছেন নিউবার্গে, যেখানে তিনি এটিও ঘোষণা করেন যে অরেঞ্জ কাউন্টিতে বর্ণবাদের কারণে লিঞ্চিংয়ের দুইজন শিকার, রবার্ট মুলিনার এবং রবার্ট লুইসের সম্মানে স্মারক ফলক উৎসর্গ করা হবে। রবার্ট মুলিনারকে 1863 সালে নিউবার্গে হত্যা করা হয়েছিলো, এবং রবার্ট লুইসকে 1892 সালে পোর্ট জার্ভিসে হত্যা করা হয়েছিলো।

"নাগরিক অধিকারের লড়াইয়ে নিউ ইয়র্ক যেই কেন্দ্রীয় ভূমিকা রেখেছে তার প্রতিটি অনুস্মারকের বিপরীতে আরেকটি আরো পীড়াদায়ক অনুস্মারক রয়েছে যে কেনো লড়াইটি করা প্রয়োজন ছিলো," **গভর্নর হোকল বলেন।** "আমাদেরকে অবশ্যই আমাদের স্টেটের অতীতের লজ্জাজনক অধ্যায়গুলিকে চিহ্নিত ও স্বীকার করতে হবে, নিশ্চিত করতে হবে যে নিউ ইয়র্কবাসী যাতে আমাদের ইতিহাসকে আরো ভালো করে বুঝতে পারে, এবং সকল প্রকার বর্ণবাদ ও ধর্মান্ধতার বিরুদ্ধে লড়াই কেটে হবে। এই কৃষ্ণাঙ্গ ইতিহাসের মাসে (Black History Month), আমি এই ফলকগুলি উৎসর্গ করতে পেরে এবং 400 বছরের আফ্রিকান-আমেরিকান ইতিহাস কমিশনের এই সাতজন নেতাকে নিয়োগ করতে পেরে গর্বিত। পদক্ষেপগুলি আমাদেরকে আমাদের ইতিহাস আরো ভালো করে বুঝতে সাহায্য করবে, এবং একই সাথে আমাদের অগ্রগতি অব্যাহত রাখতে উদ্বুদ্ধ করবে।"

লেফটেন্যান্ট গভর্নর বেঞ্জামিন বলেন, "আজকে আমরা 400 বছরের আফ্রিকান-আমেরিকান ইতিহাস কমিশনে যেই নেতাদের নিয়োগ দিলাম, তারা এই দেশের সর্বকালের সব থেকে তুখোড়, নিবেদিত সরকারি চাকরিজীবীদের মধ্যে রয়েছে। নিউ ইয়র্ক কীভাবে সব থেকে ভালো উপায়ে আমেরিকার বর্ণবাদের ইতিহাসকে চিহ্নিত করতে পারে সেই সিদ্ধান্ত নেওয়ার জন্য, এবং আমরা যখন আরো অন্তর্ভুক্তিমূলক ভবিষ্যতের দিকে অগ্রসর হচ্ছি তখন কীভাবে কৃষ্ণাঙ্গ ইতিহাস উদযাপন করা যায় তা কল্পনা করার জন্য তারাই সেরা। আমি গভর্নর হোকলকে এই নিয়োগগুলিকে তার প্রশাসনের অগ্রাধিকার করার জন্য ধন্যবাদ জানাচ্ছি।"

সম্প্রদায়-ভিত্তিক সংগঠনের সাথে অংশীদারিত্ব করার মাধ্যমে 400 বছরের আফ্রিকান-আমেরিকান ইতিহাস কমিশনের ইভেন্ট, কর্মকাণ্ড, এবং শিক্ষামূলক গবেষণা দ্বারা মানুষকে কাছাকাছি নিয়ে আসবে। কমিশনটি গঠিত হবে গভর্নর কর্তৃক নিয়োগপ্রাপ্ত সাতজন ব্যক্তি, স্টেটের সচিব বা তার পক্ষে দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি, শিক্ষা কমিশনার বা তার পক্ষে দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি, সিনেটর অস্থায়ী প্রেসিডেন্ট কর্তৃক নিয়োগপ্রাপ্ত দুইজন সদস্য, অ্যাসেম্বলির স্পিকার কর্তৃক নিয়োগপ্রাপ্ত দুইজন সদস্য, সিনেটের সংখ্যাগরিষ্ঠ নেতা কর্তৃক নিয়োগপ্রাপ্ত একজন সদস্য, এবং অ্যাসেম্বলির সংখ্যাগরিষ্ঠ নেতা কর্তৃক নিয়োগপ্রাপ্ত একজন সদস্য নিয়ে।

গভর্নর হোকল যাদের নিয়োগ প্রদান করেছেন:

ডাঃ হেজেল ডিউকস: ডিউকস হলেন দ্য ন্যাশনাল অ্যাসোসিয়েশন ফর দ্য অ্যাডভান্সমেন্ট অফ কালার্ড পিপল (The National Association for the Advancement of Colored People, NAACP) নিউ ইয়র্ক স্টেট কনফারেন্সের প্রেসিডেন্ট এবং NAACP নির্বাহী কমিটির একজন সদস্য। ডিউকস হলেন হেজেল ডিউকস কনসাল্টিং ফার্মের (Hazel Dukes Consulting Firm) প্রেসিডেন্ট। ডিউকস অ্যাডেলফি (Adelphi) থেকে তার ব্যাচেলর অফ আর্টস (Bachelor of Arts, BA) ডিগ্রি পেয়েছেন এবং কুইন্স কলেজে (Queens College) তার পোস্ট গ্র্যাজুয়েট পড়াশুনা শেষ করেছেন।

ডাঃ লরি উডার্ড: উডার্ড হলেন নিউ ইয়র্ক সিটি কলেজের (City College of New York, CCNY) একজন ইতিহাস/কৃষ্ণাঙ্গ শিক্ষার অধ্যাপক। তার গবেষণার মূল বিষয় হলো সাংস্কৃতিক এবং রাজনৈতিক জগতের ছেদক এবং তিনি পারফর্ম্যান্স শিক্ষা, ক্রিটিকাল রেস থিওরি, এবং নারী ও লিঙ্গ শিক্ষা থেকে গৃহীত আন্তঃবিভাগীয় পদ্ধতি ব্যবহার করেন। তিনি হিউম্যানিটিজ সোমবার্গ স্কলার ইন রেসিডেন্স ফেলোশিপের জন্য জাতীয় এন্ডাউমেন্ট (National Endowment for the Humanities Schomburg Scholar-in-Residence Fellowship) পেয়েছেন এবং সিলভিয়া আর্ডেন বুন পুরস্কার (Sylvia Arden Boone Prize) পেয়েছেন। তার কাজ দ্য নিউ ইয়র্ক টাইমস এবং আমেরিকান কোয়ার্টার্লিতে প্রকাশিত হয়েছে। তিনি 2018 সালের হিম্যানিটিজ ফ্যাকাল্টি পুরস্কারের জন্য জাতীয় এন্ডাউমেন্ট (National Endowment for the Humanities Faculty Award) পেয়েছেন এবং বর্তমানে পারফর্মিং শিল্পী ও নাগরিক অধিকার আন্দোলনের সক্রিয়তাবাদী কর্মী ফ্রেডি ওয়াশিংটনের জীবন ও কাজ নিয়ে একটি পাণ্ডুলিপিতে কাজ করছেন।

ডাঃ হেনরি টেইলর: টেইলর হলেন বাফেলো ইউনিভার্সিটির (University of Buffalo) একজন অধ্যাপক যেখানে তিনি মূলত কৃষ্ণাঙ্গ ও ল্যাটিনো সম্প্রদায় ঘিরে থাকা সমস্যার ঐতিহাসিক ও সমকালীন বিশ্লেষণে কাজ করেন। এই ফ্রেমওয়ার্কের মধ্যে, টেইলরের গবেষণা কিউবা, ক্যারিবিয়ান দ্বীপপুঞ্জ এবং ল্যাটিন আমেরিকার সমস্যার উপরও মনোযোগ প্রদান করে। পরিশেষে টেইলর ক্ষুদ্র হয়ে আসা শহর এবং এবং মেট্রোপলিট্যান সিটির পুনঃউন্নয়ন নিয়ে কাজ করে, যেখানে সামাজিক, অর্থনৈতিক এবং জাতিগত ন্যায়বিচারের উপর ফোকাস করা হয়। তার টেনেসি A&T স্টেট (Tennessee A&T State) থেকে একটি ব্যাচেলর অফ সাইন্স (Bachelor of Science, BS) ডিগ্রি এবং টেনেসি ইউনিভার্সিটি (University of Tennessee) থেকে একটি মাস্টার

অফ সাইন্স (Master of Science, MS) ডিগ্রি এবং নিউ ইয়র্ক স্টেট ইউনিভার্সিটি (State University of New York, SUNY) বাফেলো থেকে একটি ডক্টর অফ ফিলোসফি (Doctor of Philosophy , PhD) ডিগ্রি রয়েছে।

ডাঃ অ্যান সি. বেইলি: অ্যান সি. বেইলি একজন লেখক, ইতিহাসবিদ, এবং SUNY বিংহ্যামটনের ইতিহাসের অধ্যাপক। বেইলি "জীবিত ইতিহাস" ধারণার প্রতি নিবেদিত যেখানে অতীতের ঘটনাকে বর্তমান ও সমকালীন সমস্যার সাথে যুক্ত করা হয়। এছাড়া তিনি সুপ্রাচীন দ্বন্দ্ব যেমন ক্রীতদাস প্রথা, যুদ্ধ এবং গণহত্যার পর সম্প্রদায়সমূহের পুনর্মিলন নিয়েও চিন্তা করেন।

ডাঃ কিশি ডুকরে: ডুকরে হলেন সিরাকিউজ ইউনিভার্সিটির (Syracuse University) ডাইভার্সিটি, ইকুইটি, এবং ইনক্লুশনের সহযোগী ডিন। ডুকরে দুইটি বইয়ের লেখক। ডুকরের প্রথম বইটি ছিল সিরাকিউজের লিঙ্গ, বর্ণ, এবং ন্যায়বিচার নিয়ে। তার পরের প্রকাশনার মূল বিষয় হলো পরিবেশগত এবং খাদ্য ন্যায়বিচার এবং স্কুল থেকে কারাগার পাইপলাইনের মধ্যে সংযোগ। ডুকরে 2005 সালে মিশিগান থেকে PhD ডিগ্রি লাভ করেন এবং তার কিছু সময় পর সিরাকিউজে শিক্ষকতা শুরু করেন। ডুকরের ম্যারিল্যান্ড থেকে একটি মাস্টার্স অফ আর্টস (Master of Arts, MA) ডিগ্রি রয়েছে।

জেনিফার জোন্স অস্টিন: জোন্স অস্টিন হলেন প্রোটেস্ট্যান্ট ওয়েলফেয়ার এজেন্সিসমূহের ফেডারেশনের (Federation of Protestant Welfare Agencies) প্রধান নির্বাহী কর্মকর্তা। প্রধান নির্বাহী কর্মকর্তা হিসেবে, জোন্স অস্টিন মনোযোগ প্রদান করেন দারিদ্র্য বিরোধিতা এবং এমন একটি সংগঠনের পলিসি ও অ্যাডভোকেসির উপর যা 170 সদস্য এজেন্সি ও বিশ্বাস অংশীদার নিয়ে গঠিত হয়েছে। জোন্স অস্টিন বিশেষ করে আমেরিকায় পরিচিত বর্ণ, দারিদ্র্য, আইন, এবং সামাজিক পলিসির মধ্যে সংযোগ আরো ভালো করে ব্যাখ্যা করার কাজ করে। প্রধান নির্বাহী কর্মকর্তা হওয়ার পূর্বে, জোন্স অস্টিন কাজ করেছেন ইউনাইটেড ওয়ে অফ নিউ ইয়র্ক সিটির (United Way of New York City) সিনিয়র ভাইস প্রেসিডেন্ট হিসেবে। এর পাশাপাশি, জোন্স অস্টিনের স্টেট ও স্থানীয় উভয় অভিজ্ঞতা রয়েছে। জোন্স অস্টিন নিউ ইয়র্ক সিটির চিলড্রেন সার্ভিসেস প্রশাসনের (NYC Administration for Children Services) ডেপুটি কমিশনার ছিলেন, এবং অ্যাটর্নি জেনারেলের অফিসে একজন সিভিল রাইটস ব্যুরো চিফ ছিলেন। জোন্স অস্টিন *কনসিডার ইট জয়ের (Consider it Joy)* লেখক, এটি একটি স্মৃতিকথা যেখানে তার জীবনের জন্য হুমকি হয়ে উঠা একটি রোগ এবং কীভাবে এটি কাটিয়ে উঠতে পেরেছেন তার ব্যক্তিগত বর্ণনা রয়েছে। জোন্স অস্টিনের রাটগার্স থেকে একটি BA ডিগ্রি, নিউ ইয়র্ক ইউনিভার্সিটি থেকে একটি MA ডিগ্রি রয়েছে এবং তিনি ফোর্ডহ্যাম ল স্কুল থেকে তার জুরিস ডক্টর (Juris Doctor, JD) ডিগ্রি অর্জন করেছেন।

জয় বিভিনস: বিভিনস হলেন নিউ ইয়র্ক সিটির সোমবার্গ সেন্টারের (Schomburg Center) পরিচালক। বিভিনস 2021 সালে সোমবার্গের পরিচালক হিসেবে নিয়োগ পান। এর পূর্বে, বিভিনস সোমবার্গে সংগ্রহ ও গবেষণা সেবার (Collections and Research Services) সহযোগী পরিচালক হিসেবে কাজ করতেন। 1980 সালে জিন হিউস্টন পদত্যাগ করার পর বিভিনস সোমবার্গের প্রথম মহিলা প্রধান। সোমবার্গে যোগদানের পূর্বে, বিভিনস সাউথ ক্যারোলিনার চার্লসটনের

আন্তর্জাতিক আফ্রিকান আমেরিকান জাদুঘরের (International African American Museum, IAAM) প্রধান কিউরেটর হিসেবে কাজ করেছেন। তিনি এর উদ্বোধনী প্রদর্শনীর বিষয়বস্তু ও নকশার তত্ত্বাবধান করেছেন। IAAM-র পূর্বে, বিভিনস শিকাগো হিস্ট্রি মিউজিয়ামের (Chicago History Museum) কিউরেটরিয়াল অ্যাফেয়ার্স পরিচালক ছিলেন, যেখানে বিভিনস এর কিউরেটর ও ইতিহাসবিদদের দলের তত্ত্বাবধান ও ব্যবস্থাপনা করতেন। বিভিনস তার কর্মজীবন শুরু করেন শিকাগো হিস্ট্রি মিউজিয়ামের টিন শিকাগো (Teen Chicago) প্রকল্পের প্রদর্শনী নির্মাতা হিসেবে। বিভিনসের কর্নেল থেকে একটি MA এবং মিশিগান থেকে BA ডিগ্রি রয়েছে।

প্রতিনিধি শন প্যাট্রিক ম্যালোনি বলেন, "আমরা যখন কৃষ্ণাঙ্গ আমেরিকার স্থিতিশীলতা ও মহত্ব উদযাপন করছি, তখন সৎভাবে আমাদের ইতিহাসের দিকে, এমনকি সবথেকে কালো অধ্যায়গুলির দিকেও তাকিয়ে দেখা এবং আমরা যখন আরো ন্যায্য জাতির জন্য লড়াই করছি তখন কৃষ্ণাঙ্গ আমেরিকানদের প্রতি বর্ণবাদের দীর্ঘ প্রথা বন্ধ করা অত্যন্ত গুরুত্বপূর্ণ। আমি গভর্নর হোকল ও মেয়র হার্ভির সাথে নিউবার্গের শক্তিশালী ইতিহাসকে স্মরণ করা এবং 400 বছরের আফ্রিকান-আমেরিকান ইতিহাস কমিশনের গুরুত্বপূর্ণ কাজ তুলে ধরার আজকের অনুষ্ঠানে যোগ দিতে পেরে সম্মানিত বোধ করছি।"

সিনেটর লিওরি কমরি বলেন, "আমি গভর্নর হোকলের 400 বছরের আফ্রিকান-আমেরিকান ইতিহাস কমিশনের বিশিষ্ট নিয়োগপ্রাপ্তদের স্বাগত জানাচ্ছি। যখন আমি এই কমিশন স্থাপন করে বিধিমালা লিখছিলাম, তখন আমার কল্পনা ছিলো নাগরিকভাবে জড়িত নিউ ইয়র্কবাসীর একটি দল যারা আফ্রিকান-আমেরিকান ইতিহাস তুলে ধরার জন্য সংকল্পবদ্ধ। গভর্নর হোকল আজকে যেই নিয়োগপ্রাপ্তদের নাম ঘোষণা করেছেন তারা সেই কল্পনা পূরণ করে। যখন কমিশন সম্প্রদায়ের মধ্যে এবং পুরো নিউ ইয়র্ক স্টেটে সংযোগ পালন করার কাজ শুরু করবে, তখন আমি আফ্রিকান-আমেরিকান ইতিহাস শেখানো ও একে জীবন্ত করে তোলায় প্রতিশ্রুতিবদ্ধ সম্প্রদায়ের সংগঠনগুলির সাথে অংশীদার হিসাবে কাজ করতে উন্মুখ।"

অ্যাসেম্বলি সদস্য টেইলর ডার্লিং বলেন, "আমি অত্যন্ত আনন্দিত যে গভর্নর হোকল আফ্রিকান-আমেরিকান ইতিহাস চিহ্নিত ও চর্চা করার ব্যাপারে অঙ্গীকারবদ্ধ। আমি এই নেতৃত্বে আমার ভাই এবং নেই বিলের সিনেট স্পন্সর, সিনেটর লিওরি কমরিকে স্বীকৃতি দিতে চাই। নিউ ইয়র্ক স্টেট অ্যাসেম্বলিতে আমি যেই বিলগুলি স্পনসর করে সম্মানিত হয়েছি তার মধ্যে এটিই সর্বাধিক গুরুত্বপূর্ণ। আমরা 400 বছরের আফ্রিকান-আমেরিকান ইতিহাস কমিশনের সদস্য চূড়ান্ত করার কাছাকাছি চলে আসার সাথে সাথে সঠিক কাজটি করার দিকে যাচ্ছি, যা আমাদের অনেক আগেই করা উচিত ছিলো। আফ্রিকান-আমেরিকান ইতিহাস হলো আমেরিকান ইতিহাস এবং এটি অগ্রাহ্য করে যাওয়া নিশ্চিত করবে যে আমাদের দারুণ এই স্টেটটি কখনোই নিজের সেরাটি হয়ে উঠতে পারবে না। আজকের দিনে আফ্রিকান-আমেরিকান সম্প্রদায়সমূহকে যেসকল সমস্যা আক্রান্ত করছে সেগুলি হলো আমেরিকার সম্পদ বিকাশ ও গঠনে আমাদের দাসত্বের ফলাফল। আমি এই কমিশনের মহান কাজের আশায় আছি যাতে আমরা এই সুন্দর এবং বঞ্চিত জনগোষ্ঠীর উন্নতির জন্য সত্যিকারের সমাধান তৈরি করতে পারি।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন